



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

অধিগ্রহণ-২

বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।

www.minland.gov.bd



তারিখ: ১ ফাল্গুন ১৪২৭

১৪ ফেব্রুয়ারি ২০২১

নম্বর: ৩১.০০.০০০০.০৪৮.৬৮.০৫৬.১৯.

পরিপত্র

বিষয়: অধিগ্রহণ সম্পৃক্ত ভূমির শ্রেণি ও মূল্যহার নির্ধারণকালে উদ্ভূত সমস্যার সমাধানের জন্য নির্দেশনা প্রদান।

ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়, সেকশন-২৪ এর ১০/০৩/১৯৭৫ তারিখের এএল-৭/৭৫/২৬(১৯)/রিকুইন স্মারক মূলে জারিকৃত পত্র অনুযায়ী কোন কারণে দলিল হস্তান্তর না হলে বা বিক্রয়মূল্য পাওয়া না গেলে নিম্নবর্ণিত শ্রেণির জমির ক্ষতিপূরণ নির্ধারণের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়:

১.	বসতবাটি, ভিটি	:	নাল জমির চেয়ে ৫০% বেশি
২.	চালা, পুকুরের পাড়	:	নাল জমির চেয়ে ২৫% বেশি
৩.	চাষযোগ্য পতিত জমি	:	নাল জমির চেয়ে ৫০% বেশি
৪.	পতিত, অচাষযোগ্য জমি	:	নাল জমির ৩৩.৩৩%
৫.	ডোবা, খাল, অচাষযোগ্য জমি	:	নাল জমির ২৫%
৬.	হালট, কাঁচা সড়ক	:	নাল জমির সমান

বর্ণিত স্মারকে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এ কোন পদ্ধতিতে ক্ষতিপূরণের মূল্যহার নির্ধারণ করা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি।

০২। এমতাবস্থায়, “দোকান” শ্রেণির ভূমির বিক্রিত দলিল পাওয়া না গেলে অধিগ্রহণ কার্যক্রম সংশ্লিষ্ট উদ্ভূত সমস্যা নিরসনকল্পে “দোকান” শ্রেণির জমির ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তি নাল জমির চেয়ে ৫০% বেশি মূল্য প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো।

১৪-২-২০২১

মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ

সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫

ইমেইল:

secretary@minland.gov.bd

বিতরণ:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ৫) জেলা প্রশাসক (সকল)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)